

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫০

আগরতলা, ১০ মে, ২০২৪

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন ২০২৪

খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৬ জুন

আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন ২০২৪ এর জন্য সংশ্লিষ্ট নির্বাচন নিবন্ধন আধিকারিক (ব্লক ডেভেলপমেন্ট অফিসার) কর্তৃক গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদ নির্বাচন ক্ষেত্রগুলির ভোটার তালিকা প্রণয়নের দিনক্ষণ ঘোষণা করে রাজ্য নির্বাচন কমিশন থেকে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এই বিজ্ঞপ্তি অনুযায়ী খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৬ জুন, ২০২৪। দাবি ও আপত্তি গ্রহণ করা হবে ১৩ জুন, ২০২৪। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তি করা হবে ১৪ জুন থেকে ১৮ জুন, ২০২৪ পর্যন্ত। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২৪ জুন, ২০২৪ তারিখে। ১ জানুয়ারি, ২০২৪ তারিখকে বয়সের ভিত্তি তারিখ ধরে ভোটার তালিকা প্রণয়ন করা হবে। রাজ্য নির্বাচন কমিশন থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*